



খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় সারাদেশে দোয়ার আহ্বান



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার দ্রুত সুস্থতা কামনায় দেশের সব মসজিদে বাদ জুমা বিশেষ দোয়া অনুষ্ঠিত করার আহ্বান জানিয়েছে অন্তর্বর্তী সরকার। বৃহস্পতিবার (৪ ডিসেম্বর) সকালে প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ উদ্যোগের কথা জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, মসজিদের পাশাপাশি মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়েও ধর্মীয় রীতি অনুযায়ী প্রার্থনার আয়োজন করতে অনুরোধ করা হয়েছে। পাশাপাশি দেশের সর্বস্তরের মানুষকে ব্যক্তিগতভাবেও খালেদা জিয়ার আরোগ্য কামনায় দোয়া ও প্রার্থনা করার আহ্বান জানানো হয়। এদিকে বুধবার (৩ ডিসেম্বর) সন্ধ্যায় বেগম খালেদা জিয়ার চিকিৎসার অগ্রগতি জানতে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে যান অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সেখানে চিকিৎসক দলের কাছ থেকে তিনি বিস্তারিত খোঁজখবর নেন।

LENS ASIA